



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিজ্ঞপ্তি নম্বর- ৭৩


তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৮
৩১ জুলাই ২০২১

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়ার দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের (২০২১ সালের এইচ.এস. সি. পরীক্ষার্থীদের) জানানো যাচ্ছে যে, তাদের জন্য ঘোষিত Assignment কার্যক্রম নিয়ে শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত সভায় শিক্ষার্থীদের জন্য বেশ কিছু নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীদের অবশ্যই অধিদপ্তর কর্তৃক প্রকাশিত কাভার পেজ এর নমুনা অনুসরণ করতে হবে। প্রদত্ত Assignment সমূহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উত্তরপত্রের অনুরূপ গুরুত্ব দিয়ে কাভার পেজ এর প্রথম অংশ যথাযথভাবে পূরণ করতে হবে। কাভার পেজে শিক্ষার্থীর অংশ ব্যতীত পরবর্তী অংশগুলো মূল্যায়নকারী শিক্ষকবৃন্দ, অধ্যক্ষ মহোদয় ও শিক্ষাবোর্ডের জন্য সংরক্ষিত থাকবে। বিধায়, সেই অংশগুলোতে কিছু লেখা যাবে না।

Assignment সমূহ শিক্ষার্থীকে অবশ্যই স্বহস্তে লিখতে হতে হবে। Assignment সমূহ প্রণয়নের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই স্বকীয়তা প্রদর্শন করতে হবে। বিভিন্ন সোর্স থেকে তথ্য, উপাত্ত সংগ্রহ করা যাবে। তবে Assignment হতে হবে নিজস্ব উপস্থাপনা, বিশ্লেষণ ও জ্ঞানে সমৃদ্ধ। কোনো শিক্ষার্থীর Assignment যদি অন্য কোনো শিক্ষার্থীর Assignment এর সঙ্গে মিলে যায় বা কোনো সোর্স থেকে কপি করা হয় তবে তা অসদুপায় বলে বিবেচিত হবে এবং উক্ত Assignment বা Assignment সমূহ বাতিল করা হবে। এ ধরনের Assignment মূল্যায়নের আওতায় আনলে সংশ্লিষ্ট মূল্যায়নকারীকে জবাবদিহি করতে হবে মর্মে অবহিত করা হয়েছে।

প্রনয়ণকৃত Assignment নির্ধারিত সময়সূচি অনুযায়ী জমা প্রদানে সচেষ্ট থাকতে হবে। Assignment জমা দেবার সময় করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে শোভনীয় সিভিল ড্রেস এ কলেজে আসতে হবে।


অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
প্রাক্তর মোঃ শাহাবুদ্দীন আলী (৪১৬০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।